গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঘোড়াঘাট, দিনাজপুর
www.ghoraghat.dinajpur.gov.bd

## উপজেলা আইন শৃঙ্খলা কমিটির নভেম্বর ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি: মো: রফিকুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ঘোড়াঘাট, দিনাজপুর

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ
তারিখ : ১১/১১/২০২৪ খ্রিস্টাব্দ
সময় : ১০:০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার প্রারম্ভে পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং তাতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। সভায় উপজেলার বর্তমান আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে আলোচনা করা হয়। উপজেলায় সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখতে আলোচনায় অংশগ্রহণের জন্য সকলকে আহবান জানানো হয়। উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র: নং | আলোচ্য বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | (ক) বুলাকীপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বলেন, আমার ইউনিয়নের আইন শৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভাল রয়েছে। মাদক ও চুরি পরিমাণ অনেকটা কম। মাদক ও চুরি সম্পর্কে তেমন কোন সংবাদ পাওয়া যাচ্ছে না। সার্বিক বিষয়ে তিনি উপজেলা প্রশাসন ও পুলিশ বিভাগের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>(খ) পালশা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বলেন, বর্তমানে আমার ইউনিয়নে আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল। তবে ইউনিয়ন পরিষদে বিশেষ করে জমি জমা সংক্রান্ত অভিযোগ বেশি আসতেছে। অনেক সময় আমরা সেই অভিযোগ গুলো নিষ্পত্তি করে দিলেও দেখা যাচ্ছে যে, একই অভিযোগ উপজেলা নির্বাহী অফিসারের নিকট এবং থানাতে দিচ্ছে। এতে করে আমাদের বিচারকে অবহেলা করা হচ্ছে। তিনি আরও বলেন, আমার ইউনিয়নে ইদানিং বিভিন্ন পুকুর পাড়ে মাদকের প্রবণতা বৃদ্ধি পাচ্ছে। আর এইসব মাদক সাধারণত কম বয়সের ছেলেরা খাচ্ছে। বিশেষ করে গাঁজার পরিমাণটা বেশি। পুকুর পাড় গুলো সাধারণত নিরিবিলি হয়ে থাকে। সেই সুযোগে তারা সেখানে মাদক সেবন করে থাকে। সার্বিক বিষয়ে তিনি উপজেলা প্রশাসন ও পুলিশ বিভাগের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>(গ) সিংড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বলেন, আমার ইউনিয়নের আইন শৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভাল। তবে চুরির পরিমাণ একটু বেড়ে গেছে। এইসব ছোট ছোট চুরি বিভিন্ন জায়গায় হচ্ছে। সাধারণত এইসব চুরি মাদক সেবীরাই করছে বলে ধারণা করা হচ্ছে। মাদকের টাকা সংগ্রহের জন্যই তারা বিভিন্ন জায়গায় ছোট ছোট জিনিস গুলো চুরি করে নিয়ে যাচ্ছে। তিনি আরোও জানান, ইদানিং ইউনিয়নের বিভিন্ন জায়গায় জুয়া খেলার আসর বসতেছে। ইতোমধ্যে কয়েকটি জায়গায় অভিযান চালানো হয়েছে। বর্তমান আমন মৌসুমে ধান কাটা শুরু হয়ে গেছে। ধান কাটা শুরু হলে দেখা যাবে চোরদের উৎপাত বেড়ে যাবে। এই জন্য আমাদের আগে থেকেই সজাগ ও সর্তক থাকতে হবে। তিনি বলেন, আমাদের শিক্ষার্থীদের মাঝে বর্তমানে নৈতিক অবক্ষয় দেখা দিচ্ছে। তাই আমাদের উপজেলায় মাধ্যমিক স্থরের শিক্ষা প্রতিষ্ঠান গুলোতে শিক্ষার্থী ও অভিভাবকদের একত্রে সমাবেশ করা দরকার। এতে অনেকটা সফল পাওয়া যেতে পারে। বিশেষ করে মাদক, বাল্য বিবাহ, ইভটিজিং, ডিজিটাল ডিভাইসের ব্যবহার ইত্যাদি বিষয়ে। সার্বিক বিষয়ে তিনি উপজেলা প্রশাসন ও পুলিশ বিভাগের দৃষ্টি আকর্ষণ করেন। | (ক) সংশ্লিষ্ট বিষয়ে প্রশাসন তৎপর রয়েছে।<br>(খ) ভ্রাম্যমান আদালত পরিচালনা চলমান থাকবে।<br>(গ) গ্রাম পুলিশ রাতের বেলা ইউনিয়নের গুরুত্বপূর্ণ রাস্তা গুলোতে পাহাড়া দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) পুলিশের মোবাইল টিম বাড়ানোর সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(ঙ) প্রতিটি ইউনিয়নের ০২টি গুরুত্বপূর্ণ স্থানে বা শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থী ও অভিভাবক সমাবেশের সিদ্ধান্ত গৃহীত হয়। | (ক) উপজেলা নির্বাহী অফিসার<br>(খ) সহকারী কমিশনার (ভূমি)<br>(গ) মেয়র,ঘোড়াঘাট পৌরসভা<br>(ঘ) অফিসার ইনচার্জ<br>(ঙ) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা<br>(চ) সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্যগণ |

| ক্র: নং | আলোচ্য বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | (ঘ) ঘোড়াঘাট ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান বলেন, ঘোড়াঘাট উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি বর্তমানে ভাল রয়েছে। তবে বর্তমানে বিভিন্ন জায়গায় ইসলামিক জলসা অনুষ্ঠিত হচ্ছে। এইসব ইসলামিক জলসা গুলোতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ গ্রাম পুলিশ নিয়োগের জন্য অনুরোধ করতেছে। সার্বিক বিষয়ে উপজেলা প্রশাসনকে অবহিত করেই কাজ করা হচ্ছে মর্মে তিনি উল্লেখ করেন। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | (ক) সংশ্লিষ্ট বিষয়ে প্রশাসন তৎপর রয়েছে।<br>(খ) ভ্রাম্যমান আদালত পরিচালনা চলমান থাকবে।<br>(গ) পুলিশের মোবাইল টিম বাড়ানোর সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(ঘ) গ্রাম আদালতের আদেশ সমূহ লিখিত ভাবে দিতে হবে। | (ক) উপজেলা নির্বাহী অফিসার<br>(খ) সহকারী কমিশনার (ভূমি)<br>(গ) মেয়র,ঘোড়াঘাট পৌরসভা<br>(ঘ) অফিসার ইনচার্জ<br>(ঙ) সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্যগণ |
| ০২ | (ক) অধ্যক্ষ, ঘোড়াঘাট মহিলা ডিগ্রী কলেজ বলেন, ঘোড়াঘাট উপজেলার আইন শৃঙ্খলা মোটামুটি ভাল। তবে ইদানিং ঘোড়াঘাট পৌরসভার আজাদমোড় হতে ঘোড়াঘাট মহিলা ডিগ্রি কলেজের গেট পর্যন্ত বিভিন্ন মোড়ে মোড়ে কিছু বকাটে ছেলেদের আড্ডার পরিমাণ বেড়ে গেছে। বিশেষ করে কলেজ শুরু সময় ও ছুটির সময় আড্ডা পরিমাণ বেশি হয়ে থাকে। এছাড়াও ঘোড়াঘাট সিনেমা হল এর সামনে কিছু সেলুন রয়েছে সেখানেও ছেলেরা আড্ডা দিয়ে থাকে। তবে এখন পর্যন্ত কোন মেয়ে নির্দিষ্ট করে কোন অভিযোগ দাখিল করেনি। যেকোন সময় কোন দূর্ঘটনা ঘটতে পারে। এ জন্য তিনি উপজেলা প্রশাসন ও পুলিশ বিভাগের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>(খ) উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা বলেন, উপজেলার আইন শৃঙ্খলা মোটামুটি স্বাভাবিক রয়েছে। পূর্বের চেয়ে চুরির প্রবণতা অনেকটা কমে গেছে। বিশেষ করে শিক্ষা প্রতিষ্ঠান গুলোর পার্শ্বে স্থানীয় লোকজনদের সচেতন করে দেওয়া পর শিক্ষা প্রতিষ্ঠানে চুরির প্রবণতা অনেকটা কমে গেছে। এ জন্য তিনি উপজেলা প্রশাসন ও পুলিশ বিভাগের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>(গ) প্রধান শিক্ষক, ওসমানপুর উচ্চ বিদ্যালয় বলেন, উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল। তবে ইদানিং দেখা যাচ্ছে যে ছোট বড় সড়ক গুলোতে বেপরোয়া ভাবে যানবাহন চালাচ্ছে। বিশেষ করে মোটরসাইকেল গুলো। তা ছাড়াও বাজার গুলোতে অটোভ্যান ও রিক্সা গুলো রাস্তার প্রায় অর্ধেক জায়গা দখল করে থাকে। এতে করে রাস্তায় গাড়ি চলাচল অসুবিধা সৃষ্টি হচ্ছে। সার্বিক বিষয়ে তিনি উপজেলা প্রশাসন ও পুলিশ বিভাগের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>(ঘ) উপজেলা সমন্বয়কারী, গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্প বলেন, উপজেলার আইন শৃঙ্খলা অনেকটা স্বাভাবিক রয়েছে। আমি মুলত ঘোড়াঘাট উপজেলার ৪টি ইউনিয়ন পরিষদকে নিয়েই কাজ করে থাকি। কিভাবে তারা গ্রাম আদালত পরিচালনা করবে, নথিপত্র কিভাবে সংরক্ষণ করবে, গ্রাম আদালত সংক্রান্ত সকল কার্যক্রম গুলো বিষয়ে আমি ইউনিয়ন চেয়ারম্যানগণ ও সহকারীকের সহযোগিতা করে থাকি। তবে আমি ইউনিয়ন চেয়ারম্যানগণদের বলতে চাই যেকোন অভিযোগ গ্রাম আদালতে মাধ্যমে নিস্পত্তি করা যাবে। যে অভিযোগ গুলো নিস্পত্তি সম্ভব না সেগুলো বিষয়ও ব্যবস্থা নেওয়া সম্ভব। তবে সকল কার্যক্রম অবশ্যই লিখিত ভাবে কার্যক্রম পরিচালিত করতে হবে। এবং সঠিক পদ্ধিতি অনুযায়ী করতে হবে। | | |

| ক্র: নং | আলোচ্য বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০৩ | (ক) সহকারী কমিশনার (ভূমি) বলেন, উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। আমি ঘোড়াঘাট পৌরসভা প্রশাসক হিসেবে দায়িত্ব পালন করছি। ঘোড়াঘাট পৌরসভার নামে বিভিন্ন স্থানে যানবাহন থেকে চাঁদা তোলা হয়ে থাকে অনেক আগে থেকেই। তবে ঘোড়াঘাট পৌরসভায় বৈধ ভাবে প্রতিটি অটো রিক্সা, সিএনজি নিকট হতে ২০/- টাকা হারে চাঁদা তুলতে পারবে। কিন্তু সেই জায়গায় অনেকে অবৈধ ভাবে বেশি করে টাকা তুলে থাকে। এই বিষয়ে আইনগত ব্যবস্থা নেয়া হচ্ছে। ওসমানপুর বাজারে উন্নয়নমূলক কার্যক্রম শুরু করা হয়েছে। বিশেষ করে রাস্তার পার্শ্বে দোকান ঘর গুলো তুলে দেওয়া ব্যবস্থা নেয়া হচ্ছে। এছাড়াও তিনি বলেন, পালশা ইউনিয়নে কিছু পুকুর রয়েছে যেগুলোতে সরকারি অংশ রয়েছে। যা পূর্বে লিজ দেওয়া হতো না। এখন সে পুকুর গুলো লিজ দেওয়ার কার্যক্রম শুরু করা হবে।<br>(খ) অফিসার ইনচার্জ, ঘোড়াঘাট থানা বলেন, বর্তমান উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল রয়েছে। গত মাসে মাদক বিষয়ে ০৫টি মামলা করা হয়েছে। মাদকের বিরুদ্ধে পুলিশ বিভাগ সব সময় তৎপর রয়েছে। ইদানিং থানাতে জমিজমা সংক্রান্ত অভিযোগ বেশি আসতেছে। রাতে বেলা পুলিশের টহল দেওয়া সময় দেখা যায় অনেক শিক্ষা প্রতিষ্ঠানে জানালা ও মূল দরজা খোলা থাকে। এতে করে চোরদের চুরি করার সুযোগ তৈরি করে দেয়া হয়। উপজেলার বিভিন্ন স্থানে ট্রান্সফরমার চুরি ঘটনা ঘটেছে। সার্বিক বিষয়ে পুলিশ বিভাগ ঝটিকা অভিযান চালানো হচ্ছে। অতিদ্রুত চুরি ও মাদক সংক্রান্ত বিষয়ে স্বাভাবিক হয়ে যাবে। সার্বিক বিষয়ে তথ্য দিয়ে প্রশাসনকে সহযোগিতা করা জন্য তিনি সকলকে অনুরোধ করেন। | (ক) সংশ্লিষ্ট বিষয়ে প্রশাসন তৎপর রয়েছে।<br>(খ) ভ্রাম্যমান আদালত পরিচালনা চলমান থাকবে।<br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে সকলে সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) পুলিশের টহল টিউটি বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | (ক) উপজেলা নির্বাহী অফিসার<br>(খ) সহকারী কমিশনার (ভূমি)<br>(গ) মেয়র,ঘোড়াঘাট পৌরসভা<br>(ঘ) অফিসার ইনচার্জ<br>(ঙ) সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্যগণ |

সভায় জানানো হয় বর্তমানে উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। চুরি ও মাদকের বিক্রয় ও সেবন বন্ধের লক্ষ্যে ভ্রাম্যমান আদালত কার্যক্রম চলমান রয়েছে। চুরি যাতে না হয় সে জন্য গ্রামপুলিশদের পাহারাসহ ভ্রাম্যমান আদালত কার্যক্রম চলমান রয়েছে।

সভায় জানানো হয় গত অক্টোবর মাসে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে ১৪টি মামলা দায়ের করা হয়েছে। ১৪টি মামলায় ০৭ জনকে বিনাশ্রম কারাদন্ড ও ০৭জনকে অর্থদন্ড দেয়া হয়। উপজেলায় সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং ঘোড়াঘাট উপজেলাকে মডেল উপজেলা গড়ে তুলতে উপস্থিত সকলকে সার্বিক সহযোগিতার আহবান জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করা হয়।

২১/১১/২৪

মো: রফিকুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন শৃঙ্খলা কমিটি
ঘোড়াঘাট, দিনাজপুর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঘোড়াঘাট, দিনাজপুর

স্মারক নং- ০৫.৫৫.২৭৪৩.০০০.৩১.০০১.২৪-১৪৬৩ তারিখ: ১১ /১১/২০২৪ খ্রিস্টাব্দ।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১ দিনাজপুর-৬
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
৩। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর
৪। পুলিশ সুপার, দিনাজপুর
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঘোড়াঘাট, দিনাজপুর
৬। সহকারী কমিশনার (ভূমি), ঘোড়াঘাট, দিনাজপুর
৭। মেয়র, ঘোড়াঘাট পৌরসভা, ঘোড়াঘাট, দিনাজপুর
৮। উপজেলা ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঘোড়াঘাট, দিনাজপুর
৯। অফিসার ইনচার্জ, ঘোড়াঘাট থানা, দিনাজপুর
১০। কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, উপজেলা কমান্ড, ঘোড়াঘাট, দিনাজপুর
১১। উপজেলা..............................................................অফিসার, ঘোড়াঘাট, দিনাজপুর
১২। চেয়ারম্যান,...............................................................(সকল) ইউপি, ঘোড়াঘাট, দিনাজপুর
১৩। জনাব......................................................................, ঘোড়াঘাট, দিনাজপুর

১১/১১/২৪
মোঃ রফিকুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ঘোড়াঘাট, দিনাজপুর